

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫৬৯  
আগরতলা, ১৬মে ২০১৮

ত্রিপুরার কুইন আনারস আন্তর্জাতিক স্তরে প্রশংসিত

উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের উদ্যোগে এ বছর সারা রাজ্যের আনারস, কাঁঠাল, সবরীকলা ও কাকরুল চাষের উপর বিশেষ জোর দেয়া হবে। দপ্তরের সহকারি অধিকর্তা এ তথ্য দিয়ে জানান, এ বিষয়ে আগামী ১৮ মে আগরতলায় প্রজ্ঞা ভবনে রাজ্যের ৮টি জেলা থেকে ২ জন করে কৃষককে নিয়ে বিশেষ সেমিনার আয়োজিত হবে। সেমিনারের উদ্বোধন করবেন কৃষি মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। কৃষি মন্ত্রীর উপস্থিতিতে সেদিন ত্রিপুরার কুইন ও কিউ উভয় প্রকার আনারস দুবাইয়ে রপ্তানী সংক্রান্ত বিষয়ে মৌ স্বাক্ষরিত হবে। ত্রিপুরার এই আনারসের বিষয়ে সহ অধিকর্তা জানান, গত ৯-১১ মে গুয়াহাটীতে দেশের বিভিন্ন ফল ও সজ্জী নিয়ে প্রদর্শনী আয়োজিত হয়েছে। প্রদর্শনীতে ত্রিপুরার আনারস বিশেষ প্রশংসা অর্জন করে। এছাড়া, গতকাল মহারাষ্ট্রের 'ললিত' হোটেলে ফল ও সজ্জী নিয়ে আন্তর্জাতিক স্তরের একদিনের প্রদর্শনী ও সেমিনার আয়োজিত হয়। ২০টি দেশের ৫৬ জন প্রতিনিধি সেখানে অংশ নিয়েছেন। এর মধ্যে ত্রিপুরার রাজ্যের কুইন আনারস সকলের দৃষ্টি আকর্ষণ করেছে এবং প্রশংসা পেয়েছে। সেখানে উপস্থিত বাহ্যিক দেশের রাণী এই আনারসের স্যাম্পলও চেয়ে নেন।

\*\*\*\*\*